শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-২ শাখা
www.lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০৮৫.০১৪.০৮.২০১৮- ২৫৮ তারিখ: ২৪ এপ্রিল ২০২২ খ্রি.

বিষয়: ঢাকা ওয়াসার প্রস্তাবিত Construction and Strengthening of Main Distribution Line for Padma (Jashaldia) Water Treatment Plant Project (Phase-1) শীর্ষক প্রকল্পে ডেনমার্ক সরকার প্রস্তাবিত Export Credit Facility (EKF) হতে ঋণ গ্রহণসহ Sovereign Guarantee প্রদান বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ে গত ১০ এপ্রিল ২০২২ খ্রি. তারিখে জনাব মো: তাজুল ইসলাম, এমপি, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সভাপতিত্বে একটি ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৩ পৃষ্ঠা।

২৪/৪/২২

(মোহাম্মদ সাঈদ-উর-রহমান)
উপসচিব
ফোন: ৫৫১০০৩৭০
watersupply_02@yahoo.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব/সচিব, অর্থ বিভাগ/অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
২। অতিরিক্ত সচিব (পানি সরবরাহ), স্থানীয় সরকার বিভাগ
৩। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা

অনুলিপি: সদয় অবগতির জন্য

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

বিষয়ঃ ঢাকা ওয়াসার প্রস্তাবিত Construction and Strengthening of Main Distribution Line for Padma (Jashaldia) Water Treatment Plant Project (Phase-1) শীর্ষক প্রকল্পে ডেনমার্ক সরকার প্রস্তাবিত Export Credit Facility (EKF) হতে ঋণ গ্রহণসহ Sovereign Guarantee প্রদান বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মো: তাজুল ইসলাম, এমপি, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
তারিখ ও সময় : ১০ এপ্রিল ২০২২ (রবিবার), বিকাল-৩:০০ টা।
মাধ্যম : Zoom App

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। ঢাকা ওয়াসার আওতায় দৈনিক ৪৫ (পঁয়তাল্লিশ) কোটি লিটার পরিশোধন ক্ষমতাসম্পন্ন 'পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার' চালু হলেও প্রয়োজনীয় ডিস্ট্রিবিউশন ও ট্রান্সমিশন লাইন না থাকায় এ পানি শোধনাগার থেকে পরিশোধিত পানি পূর্ণমাত্রায় সরবরাহ করা সম্ভব হচ্ছে না। প্রয়োজনীয় বিতরণ লাইন নির্মাণের জন্য ঢাকা ওয়াসা Construction and Strengthening of Main Distribution Line for Padma (Jashaldia) Water Treatment Plant Project (Phase-1) শীর্ষক প্রকল্প বাস্তবায়নের প্রস্তাব করে। প্রস্তাবিত প্রকল্পে অর্থায়নের জন্য ডেনমার্ক সরকার একাধিকবার স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করে। পাশাপাশি ০৭ জুলাই ২০২০ খ্রি. তারিখে বাংলাদেশে নিযুক্ত ডেনমার্ক সরকারের মান্যবর রাষ্ট্রদূত একটি ভার্চুয়াল সভায় ঢাকা ওয়াসার বর্ণিত প্রকল্পে G to G ভিত্তিতে অর্থায়নের বিষয়ে আগ্রহ প্রকাশ করেন। ঢাকা ওয়াসার প্রস্তাবিত এ প্রকল্পে ডেনমার্ক সরকার কর্তৃক প্রস্তাবিত অর্থায়নের বিষয়টি উপস্থাপনের জন্য সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগকে অনুরোধ করা হয়।

২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ বলেন, পানির বিতরণ লাইন নির্মাণের জন্য ঢাকা ওয়াসার প্রস্তাবিত প্রকল্পে ডেনমার্ক সরকার EKF এর মাধ্যমে G to G ভিত্তিতে অর্থায়নের বিষয়ে আগ্রহ প্রকাশ করে। তিনি বলেন যে, ডেনমার্ক সরকারের EKF এর ঋণ গ্রহণের ক্ষেত্রে যে শর্তসমূহ রয়েছে তা পর্যালোচনা, এ ঋণ গ্রহণ পদ্ধতি এবং EKF প্রস্তাবিত ঋণ গ্রহণে বাংলাদেশ সরকারের পক্ষে Sovereign Guarantee প্রদান এর লক্ষ্যে সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে এ সভায় আলোচনা হতে পারে। তিনি আলোচ্য প্রকল্পে ডেনমার্ক সরকারের অর্থায়ন প্রস্তাবের প্রেক্ষাপট উপস্থাপনের জন্য ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসাকে অনুরোধ জানান।

৩। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা বলেন, Construction and Strengthening of Main Distribution Line for Padma (Jashaldia) Water Treatment Plant Project (Phase-1) শীর্ষক প্রকল্পের ডেনমার্ক সরকারের Export Credit Facility (EKF) হতে ২০১৮ সালে এ প্রকল্পে অর্থায়নের প্রস্তাব পাওয়া যায়। এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং বাংলাদেশে নিযুক্ত ডেনমার্কের রাষ্ট্রদূত এর মধ্যে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় ডেনমার্ক সরকারের অর্থায়নের স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব দেয়ার জন্য অনুরোধ করা হলে ডেনমার্ক সরকারের তরফ হতে এ সংশ্লিষ্ট স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণ করা হয়। পরবর্তীতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ জানায় যে, ডেনমার্ক সরকারের Export Credit Facility (EKF) এর প্রস্তাবটি মূলত বানিজ্যিক ঋণ সহায়তা প্রদান সংক্রান্ত প্রস্তাব, যা অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ঋণ সহায়তা গ্রহণ সংক্রান্ত কার্যক্রমের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়; সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ সরাসরি চুক্তি সম্পাদন করে এ ঋণ সহায়তা গ্রহণ করতে পারে। এ প্রেক্ষিতে ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা বলেন, পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ অনুযায়ী স্থানীয় সরকার বিভাগের অনুমোদনক্রমে ঢাকা ওয়াসা কর্তৃক প্রকল্পের অনুকূলে ঋণ গ্রহণের বিধান রয়েছে এবং আলোচ্য

প্রকল্পের অনুকূলে অর্থ বিভাগ ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগের যাবতীয় শর্ত মেনে ঋণ গ্রহণে ঢাকা ওয়াসা সম্মত আছে। তবে EKF এর ঋণ গ্রহণের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের Sovereign Guarantee প্রদানের প্রয়োজন হবে। এরই ধরাবাহিকতায় প্রস্তাবিত EKF এর মাধ্যমে আলোচ্য প্রকল্পটিতে অর্থায়নের প্রস্তাব অনুমোদনসহ Sovereign Guarantee প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগকে অনুরোধ করার প্রেক্ষিতে এ সভার আয়োজন করা হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

৪। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ জানান যে, ডেনমার্ক সরকারের Export Credit Facility (EKF) এর প্রস্তাব এর বিষয়ে ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক এর সাথে আলোচনা হয়েছে। ঢাকা ওয়াসা এ বাণিজ্যিক ঋণ সহায়তা গ্রহণ করতে ইচ্ছুক এবং ঢাকা ওয়াসা এ বাণিজ্যিক ঋণ সহায়তা গ্রহণ করতে পারে। তবে এ বিষয়ে প্রস্তাবিত ঋণের শর্তসমূহ যাচাই-বাছাই করার প্রয়োজনীয়তা রয়েছে। ঋণ পরিশোধের সময়সীমা যথাসম্ভব দীর্ঘ হলে ভালো হয়। সে ক্ষেত্রে ঋণ গ্রহণকারী সংস্থার পক্ষে ঋণ পরিশোধ করা সহজতর হবে। ঢাকা ওয়াসা যেহেতু সরাসরি ঋণ গ্রহণ করতে ইচ্ছুক সেহেতু এ বিষয়ে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুমোদন নেয়া প্রয়োজন রয়েছে মর্মে তিনি জানান। এ ঋণ সহায়তা গ্রহণের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী সংস্থার সাথে নেগোসিয়েশন করা প্রয়োজন মর্মে তিনি জানান।

৫। অতিরিক্ত সচিব (ফাবা ও আইসিটি), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ বলেন যে, ডেনমার্ক সরকারের Export Credit Facility (EKF) এর প্রস্তাবটি মূলত Standard Chartered Bank কর্তৃক প্রদত্ত প্রস্তাব। এ প্রস্তাবের বিষয়ে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুমোদন নেয়ার প্রয়োজনীয়তা রয়েছে। তিনি বলেন, প্রস্তাবিত ঋণটি Non-Concessional Loan বিধায় মাননীয় অর্থমন্ত্রীর সভাপতিত্বে গঠিত Standing Committee on Non-Concessional Loan শীর্ষক কমিটির অনুমোদনের জন্য এ ঋণ প্রস্তাবটি উত্থাপনের বাধ্যবাধকতা রয়েছে। উল্লিখিত ঋণ সহায়তা গ্রহণের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী সংস্থার সাথে নেগোসিয়েশন করার জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগ প্রণীত গাইডলাইন অনুযায়ী নেগোসিয়েশন কমিটি গঠন করতে হবে মর্মে তিনি উল্লেখ করেন।

৬। অতিরিক্ত সচিব (ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা), অর্থ বিভাগ জানান যে, ডেনমার্ক সরকারের Export Credit Facility (EKF) এর ঋণ গ্রহণের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের Sovereign Guarantee প্রদানের প্রয়োজন হয় তবে আনুসঙ্গিক প্রয়োজনীয় সকল ডকুমেন্টসহ অর্থ বিভাগকে লিখিতভাবে অনুরোধ করা হলে প্রস্তাব যাচাই-বাছাই করে অর্থ বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৭। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ বলেন, ঢাকা ওয়াসার প্রস্তাবিত প্রকল্পে ডেনমার্ক সরকারের Export Credit Facility (EKF) এর ঋণ গ্রহণের বিষয়ে উন্নয়ন সহযোগী সংস্থার সাথে নেগোসিয়েশন করতে হবে। নেগোসিয়েশনের পর ঢাকা ওয়াসা বর্ণিত ঋণ সহায়তা গ্রহণের ক্ষেত্রে Sovereign Guarantee প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ বিভাগকে অনুরোধ করতে হবে। এর পাশাপাশি অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুমোদনের জন্য প্রস্তাব উপস্থাপন করতে হবে। অর্থ বিভাগ হতে Sovereign Guarantee প্রাপ্তি সাপেক্ষে Standing Committee on Non-Concessional Loan শীর্ষক কমিটির অনুমোদনের জন্য এ ঋণ প্রস্তাবটি অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করতে হবে। এ ক্ষেত্রে প্রয়োজনীয় কর্মপন্থা চূড়ান্ত করণের লক্ষ্যে দিক-নির্দেশনা প্রদানের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানান।

৮।	সভাপতি তার সমাপনী বক্তব্যে বলেন, ঢাকা ওয়াসার প্রস্তাবিত প্রকল্পে ডেনমার্ক সরকারের Export Credit Facility (EKF) এর ঋণ গ্রহণের বিষয়ে উন্নয়ন সহযোগী সংস্থার সাথে নেগোসিয়েশন করতে হবে। নেগোসিয়েশনের পর ঢাকা ওয়াসা কর্তৃক বর্ণিত ঋণ সহায়তা গ্রহণের ক্ষেত্রে Sovereign Guarantee প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ বিভাগকে অনুরোধ করতে হবে। এর পাশাপাশি অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুমোদনের জন্য প্রস্তাব উপস্থাপন করতে হবে। এর ধারাবাহিকতায় Standing Committee on Non-Concessional Loan শীর্ষক কমিটির অনুমোদনের জন্য এ ঋণ প্রস্তাবটি অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করতে হবে।

৯।	সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| (ক) | বর্ণিত ঋণ সহায়তা গ্রহণের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী সংস্থার সাথে নেগোসিয়েশন করার জন্য নেগোসিয়েশেন কমিটি গঠনের গাইডলাইন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে। | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ |
| (খ) | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ প্রণীত গাইডলাইন অনুযায়ী নেগোসিয়েশন কমিটি গঠনের উদ্যোগ নিতে হবে। | ১। স্থানীয় সরকার বিভাগ<br>২। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা |
| (গ) | ঋণ সহায়তা গ্রহণের ক্ষেত্রে Sovereign Guarantee প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঢাকা ওয়াসা কর্তৃক স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে অর্থ বিভাগকে অনুরোধ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা |
| (ঘ) | প্রস্তাবিত ঋণ সহায়তা গ্রহণের ক্ষেত্রে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুমোদন গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা |
| (ঙ) | প্রস্তাবিত ঋণটি Non-Concessional Loan বিধায় Standing Committee on Non-Concessional Loan শীর্ষক কমিটির অনুমোদনের জন্য এ ঋণ প্রস্তাবটি অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা |

১০।	অতঃপর সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

20/8/2022

মো: তাজুল ইসলাম, এমপি
মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়